মুজিবনগরে ৫০ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে ৫০ বোতল ভারতীয় ফেন্সিডিলসহ ১ মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গতকাল রবিবার দিবাগত রাত বারোটার দিকে উপজেলার গোপালনগর গ্রামস্থ শফিকুল মোল্লার ইট ভাটার কাছে থেকে তাকে আটক করা হয়।

এ সময় তার কাছ থেকে ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করা হয়।

আটকৃত আসামি, মুজিবনগর উপজেলার গোপালনগর দক্ষিণপাড়া মরজেম আলীর ছেলে আব্দুর রশিদ (ওসি) ৪০।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ উজ্জল কুমার দত্ত জানান, আসামি মাদক বিক্রয়ের উদ্দেশ্য শফিকুল মোল্লার ইট ভাটার কাছে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এস আই আশিকুর রহমান ও এস আই ইসরাফিল ইসলামের এর নেতৃত্বে পুলিশের একটি টিম সেখানে অভিযান চালায়। অভিযান চলাকালীন সময়ে আসামিকে বাজার করা ব্যাগ নিয়ে দাড়িয়ে থাকতে দেখে। এ সময় সন্দেহ হলে তার কাছে তল্লাশি করে ব্যাগের ভিতর থেকে ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করা হয়।

আটককৃত মাদক ব্যবসায়ীর নামে মুজিবনগর থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে গণহত্যা দিবসের

আলোচনা সভা

মেহেরপুর ২৫ শে মার্চ গণহত্যা দিবস ও ঐতিহাসিক মহান মুক্তিযোদ্ধা সম্পর্কে স্মৃতি চারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৫ শে মার্চ) বেলা ১২ টার সময় জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জি এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজিব হাসান।

এ সময় বক্তব্য রাখেন জেলা মডেল মসজিদ ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান, ফিল্ড সুপারভাইজার ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম।

এর আগে স্বাগত বক্তব্য রাখেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেনার মাওলানা মোঃ আব্দুল হামিদ।

অনুষ্ঠান শেষে ২৫ শে মার্চের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

মেহেরপুরে ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুর জেলা প্রশাসকের আয়োজনে ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৫ শে মার্চ) সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা

শিল্পকলা একাডেমীতে গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকার উপ-পরিচালক মোঃ শামীম হোসেন সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম নাজমুল হক বিপিএম বার, পিপিএম।

এ সময় বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজিব হাসান, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম।

সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রনী খাতুনের সঞ্চালনা আরো উপস্থিত ছিলেন সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাজেদুল ইসলাম, মোঃ আবীর হোসেন, তানজিনা শারমিন দৃষ্টি, দেবাংশু বিশ্বাস, রিফাত জাহানসহ অন্যান্য ব্যক্তিরা।

মুজিবনগরে উপজেলা নির্বাহী অফিসার হিসাবে খাইরুল ইসলামের যোগদান

মুজিবনগরে উপজেলা নির্বাহী অফিসার হিসাবে যোগদান করেছেন কুষ্টিয়া জেলার খোকসা থানার বীর মুক্তিযোদ্ধা সোবহান মন্ডল এর ছেলে মো: খাইরুল ইসলাম।

আজ রবিবার দুপুরে তিনি মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার হিসাবে যোগদান উপলক্ষে মুজিবনগর উপজেলা পরিষদে পৌঁছালে উপজেলা পরিষদের কর্মকর্তাগণ তাকে ফুল দিয়ে বরণ করে নেন। পরে তিনি মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধে এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এ সময় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্নসহ উপজেলার

প্রশাসনের কর্মরত বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

তিনি ৩৫ তম বিসিএস প্রশাসন ক্যাডারে সুপারিশ প্রাপ্ত হয়ে ২০১৭ সালে টাঙ্গাইল সদরে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে যোগদার করেন আর সেখানে তিনি ১ বছর ১০ মাস কর্মরত ছিলেন।

এছাড়া তিনি টাঙ্গাইল ডিসি অফিসে এনডিসি, রংপুর কমিশনার কার্যালয়ে একান্ত সচিব এবং ঢাকা কমিশনারের কার্যালয়ে কর্মরত ছিলেন।

পদোন্নতি পেয়ে তিনি ঐতিহাসিক মুজিবনগর উপজেলা নির্বাহী হিসেবে যোগদান করেন।

সম্পদের জবরদখল ও নিরাপত্তাহীনতার অভিযোগ এনে মেহেরপুরে সংবাদ সম্মেলন

নিরাপত্তাহীনতা দূরীকরণ ও উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত জমির দখল পেতে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে মেহেরপুরে একটি সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (২৪ মার্চ) দুপুর পৌনে তিনটার সময় মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সন্নিকটে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী সাহিদা খাতুন এবং তার পুত্র মোঃ এসকেব আলী লিখিত বক্তব্য পাঠ করে পুলিশ ও প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন।

লিখিত বক্তব্যে মোঃ এসকেন আলী বলেন, ‘আমি মোঃ এসকেন আলী। আমার মাতা সহিদা খাতুন, স্বামী- মৃত খায়রুল বাসার, সাং- দিঘিরপাড়া, ০৫নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, থানা ও জেলা- মেহেরপুর।

আমার মাতা সহিদা খাতুনের দ্বিতীয় স্বামী মৃত খায়রুল বাসার-এর নামীয় সম্পত্তি থেকে আমার মা সহিদা খাতুন তাহার অংশমত ৬৪.৯৯ একর সম্পত্তি পান এবং সহিদা খাতুন নিজ নামে খারিজ করেন এবং খাজনা

পরিশোধ করিতেছেন। আমার মাতা তাহার মৃত স্বামী খায়রুল বাসার -এর নিকট থেকে প্রাপ্ত সম্পত্তির মধ্যে আমাকে কিছু সম্পত্তি দান মূলে আমাকে রেজিস্ট্রি করিয়া দেয়। আমি দানসূত্রে প্রাপ্ত সম্পত্তি নিজ নামে খারিজ করিয়া যথারীতি খাজনা পরিশোধ করিতেছি। উক্ত সম্পত্তিতে থাকা ফসলাদি, পুকুরের মাছ বা লীজের টাকা বা জমির উপর অবস্থিত গোডাউনের ভাড়া আমাদের অংশমত আমাদের দেয় না।

কিন্তু উল্লেখিত সম্পত্তি আমরা ভোগ দখল করিতে গেলে মৃত খায়রুল বাসার-এর দুই ভাই ১. মোঃ খলিলুর রহমান ও ২. মোঃ খোরশেদ আলম স্থানীয় সন্ত্রাসী প্রকৃতির লোকজন দ্বারা আমাদের বাধা সৃষ্টি করিতেছে এবং আমাদের বিভিন্ন ভাবে খুন জখমের হুমকী দিতেছে। এতে আমি এবং আমার মা ও বোন চরম নিরাপত্তাহীনতায় ভুগিতেছি এবং আমাদের বৈধ সম্পত্তি হইতে বঞ্চিত হইতেছি।

উল্লেখিত সম্পত্তির বিষয় নিয়ে উক্ত মোঃ খলিলুর রহমান সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এবং যুগ্ম জেলা জজ ১ম আদালতে মামলা দায়ের করে। যাহা বিজ্ঞ আদালত গত ২০২৩ সালের ২৪ জুলাই তারিখে খারিজ করিয়া দিয়াছেন। মামলাটি খারিজ হওয়ার ১ বৎসর পার হইয়া গেলেও উল্লেখিত ১. মোঃ খলিলুর রহমান ও ২. মোঃ খোরশেদ আলম আমাদের উক্ত সম্পত্তির দখল ছাড়িয়া দিতেছে না এবং আমাদের খুন জখমের হুমকী প্রদান করিতেছে। আমরা নিরূপায় হইয়া আপনাদের মাধ্যমে বিষয়টি জানাচ্ছি এবং এ বিষয়ে নিরাপত্তা চেয়ে আইনের কাছে নিরাপত্তা নিশ্চিতের এবং উক্ত জমি উদ্ধারের দাবী জানাচ্ছি।’

মেহেরপুরে অনুমোদনহীন হাসপাতাল প্যাথলজির ছড়াছড়ি

মেহেরপুরের সিভিল সার্জন অফিস থেকে ঢিল ছোড়া দুরত্বে ‘আল-আকসা নার্সিং হোম অ্যান্ড ল্যাব ও গাংনীতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে হাসিনা ডায়াগনিস্ট সেন্টার’সহ অনেক ল্যাব ও বেসরকারি হাসপাতাল সিভিল সার্জন অফিসের তালিকাতে নেই।

তালিকাভূক্ত ল্যাব ও হাসপাতালের খবর স্বাস্থ্য বিভাগের কেউ তেমন

একটা খবর রাখে না। জেলাজুড়ে অনুমোদন ছাড়া জমজমাট অবস্থা হাসপাতাল ও প্যাথলজি ব্যবসায়। অধিকাংশ বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকের ব্যবসার নিয়ন্ত্রক চিকিৎসক ও জনপ্রতিনিধিরা। দিন দিন জমজমাট হয়ে উঠছে মেহেরপুরে স্বাস্থ্যখাতের এই ব্যবসা। জেলার ৮০ ভাগ ক্লিনিকই বৈধ লাইসেন্সসহ শর্তাবলি পূরণ না করেই ব্যবসা পরিচালনা করছেন।

এসব ক্লিনিকের নেই প্রয়োজনীয় চিকিৎসক, নার্সসহ আসবাবপত্র। মেহেরপুর জেনারেল হাসপাতালের দক্ষিণ পাশে নির্মিত হচ্ছে নার্সিং ইন্সটিটিউট। পূর্ব, পশ্চিম ও উত্তর দিকে বেসরকারি ক্লিনিকের ছড়াছড়ি। হাসপাতালের উত্তর দিকের অংশের নাম ছিল ওয়াবদাপাড়া। এখন ‘ক্লিনিক পাড়া’ নামে খ্যাতি অর্জন করেছে। এই ক্লিনিক পাড়ায় প্রায় কুড়িটি ক্লিনিক অবাধে ব্যবসা করে যাচ্ছে। এসব ক্লিনিকের পোষ্য দালালদের দৌরাত্মে সরকারি হাসপাতালে কোনো রোগী যাওয়ার উপায় নেই বলে জানালেন ভুক্তভোগীরা। আবার ক্লিনিকগুলো প্রভাবশালী ব্যক্তি ও চিকিৎসকদের। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে পারে না বলে এন্তার অভিযোগ। সরকারি হাসপাতালের চেয়ে অনেক টাকা খরচ জেনেও রোগীরা ক্লিনিকমুখী হওয়ার অন্যতম কারণ সরকারি হাসপাতালের চিকিৎসকরা ক্লিনিকগুলোর সঙ্গে জড়িত। সরকারি হাসপাতালের কোন কোন চিকিৎসক ও সেবিকারা বাধ্য করছে রোগীদের ক্লিনিকমুখী হতে।

জেলা সিভিল সার্জন অফিসের হিসাবে জেলায় বেসরকারি হাসপাতাল ও প্যাথলজি ল্যাব রয়েছে ১০৫টি। এরমধ্যে ৬৯টি বেসরকারি হাসপাতাল আছে। তালিকার বাইরে ছোট-বড়সহ আরও ডজন দুই হাসপাতাল আছে। তালিকাভূক্ত প্যাথলজি ল্যাব রয়েছে ৩৬টি। সিভিল সার্জন অফিসের তালিকাভুক্ত ৬৯টি হাসপাতালের মধ্যে ৫৮টি হাসপাতালের লাইসেন্স নাই।

১০ বেডের আবেদন নিয়ে হাসপাতাল ব্যবসা শুরু করলেও অনেক হাসপাতালের বেড সংখ্যা বেড়ে ৫০ ছাড়িয়ে গেছে। তাদের বর্ধিত বেড অনুপাতে জনবল নেই। স্বাস্থ্য বিভাগের ও লো প্রশাসনের বিভিন্ন সভায় অনুমোদনহীন হাসপাতাল প্যাথলজি প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেয়ার জন্য আলোচনা হলেও কোন ব্যবস্থা নেয়া হয়নি। সম্প্রতি স্বাস্থ্য মন্ত্রীর দেয়া ১০ নির্দেশনা চরমভাবে উপেক্ষিত হচ্ছে। অথচ এই নির্দেশনার আগে গাংনীর রাজা ক্লিনিকে অপারেশনের কুড়ি বছর পর বাচেনা খাতুন নামের এক রোগির পেট থেকে সার্জারি কাঁচি বের করা হয়েছে। ঘটনায় মামলা হলে ক্লিনিক মালিক ডা.

পারভিয়াস হোসেন রাজার জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন আদালত। বর্তমানে তিনি জামিনে আছেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের অবসরপ্রাপ্ত আবাসিক মেডিকেল অফিসার মো. আব্দস সালামের জেলা শহরের মেহেরপুর দারুস সালাম ক্লিনিকে অপারেশন টেবিলে এক রোগির মৃত্যু হয়। এই ঘটনায় মামলা হলে আদালত থেকে জামিনে আছেন ডা. সালাম। গত জানুয়ারি মাসে শহরের মল্লিক পাড়ায় হাসপাতালের আরেক অবসরপ্রাপ্ত আরএমও ডা. রমেশ ক্লিনিকে রোগির মৃত্যুতে ভাংচুরের ঘটনা ঘটেছে। আবার ওই ক্লিনিকের নিজস্ব সেবিকা স্বর্ণালীর এপেন্ডিসাইটিস অপারেশনকালে মৃত্যু হলে ২০ লাখ টাকায় রফা হয়েছে। গত ১৮ মার্চ গাংনীতে গাংনী উপজেলায় হাসিনা হাসপাতালে ভুল চিকিৎসায় রোগির মৃত্য হলে ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে হাসপাতালটি সিলগালা ও হাসপাতালের মালিক হাফিজুর রহমানকে এক বছর বিনাশ্রম কারাদন্ড, এক লাখ টাকা জরিমানা করেছে। বেসরকারি হাসপাতালগুলোতে স্বাস্থ্য মন্ত্রীর ১০ দফা নির্দেশনা চরমভাবে লংঘিত হচ্ছে।

বৃহস্পতিবার হাসপাতালে চিকিৎসক এক রোগির অনেকগুলো টেস্ট দিলে দালালের খপ্পরে পড়ে অক্ষরজ্ঞানহীন ওই রোগি মো. ইসাহক আলী। দালাল পাশের এক প্যাথলজিতে পরিক্ষা নিরীক্ষা করে বিল ধরিয়ে দেয় ১৭শ টাকা। আর্থিক অসঙ্গতি জানিয়ে রোগি কেঁদে কেটে একাকার হলে শেষতক এক হাজার টাকা বেরিয়ে আসার সময় ক্ষিস্তি খেউড় শুরু করেন ইসাহক আলী।

মেহেরপুরের সিভিল সার্জন মহী উদ্দিন আহমেদ জানান- প্রতিটি বেসরকারি হাসপাতাল ক্লিনিক, প্যাথলজি পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে পাঠানো হয়েছে। নির্দেশনা পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

৮ মে অনুষ্ঠিত হবে সদর ও

মুজিবনগর উপজেলা পরিষদের নির্বাচন

ষষ্ঠ উপজেলা পরিষদের প্রথম পর্যায়ে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচন আগামী ৮ মে অনুষ্ঠিত হবে।

উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা ২০১৩ এর বিধি ১৩ অনুসারে বাংলাদেশ নির্বাচন কমিশন বৃহস্পতিবার (২১ মার্চ) নির্বাচনের এই তফসিল ঘোষণা করেছেন।

উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনের লক্ষ্যে এক প্রজ্ঞাপন জারির মাধ্যমে সময়সূচী ঘোষণা করেন।

ঘোষিত প্রজ্ঞাপন অনুযায়ী সরাসরি রিটার্নিং অফিসার অথবা রিটার্নিং অফিসারের অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ১৫ এপ্রিল। রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাই ১৭ এপ্রিল। ১৮-২০ এপ্রিল মনোনয়নপত্র বাছায়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের, ২১ এপ্রিল আপিলের নিষ্পত্তি, ২২ এপ্রিল প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ। ২৩ এপ্রিল প্রতীক বরাদ্দ এবং ৮ মে সকাল আটটা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

জেলা নির্বাচন অফিসার রিটার্নিং অফিসার নিয়োগ করাসহ নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসারকে সহায়তার জন্য সদর ও মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসারকে সহকারী রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

উল্লেখ্য, পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনে মেহেরপুর সদর উপজেলা পরিষদে সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম ও মুজিবনগর উপজেলা পরিষদে উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস চেয়ারম্যান নির্বাচিত হন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে প্রার্থী হতে অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম পদত্যাগ করেন। তবে খুব অল্প সময় থাকায় নির্বাচন কমিশন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান পদটি শুণ্য ঘোষণা না করে মহিলা ভাইসচেয়ারম্যান লতিফুন্নেছা লতাকে ভারপ্রাপ্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেন।

এদিকে মেহেরপুর জেলার দুটি উপজেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণার পর থেকেই শুরু হয়েছে নির্বাচনী হাওয়া। এবার এই দুটি উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে কারা কারা প্রার্থী হচ্ছেন এনিয়ে চলছে নানা জল্পনা কল্পনা। তবে, প্রার্থী যারাই হবেন জেলার জনপ্রশাসন মন্ত্রীর আশির্বাদপুষ্টরাই ভাল অবস্থানে থাকতে পারে বলে মতামত ব্যাক্ত করেছেন এ দুটি উপজেলার ভোট বিশ্লেষকরা।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতির মৃত্যু

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফজলুল হক ফজল (৭৪) মারা গেছেন। (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না এলাহি রাজিউন)।

আজ শনিবার দুপুর সাড়ে তিনটার সময় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।
মৃত্যুকালে তার তিন ছেলে এক মেয়ে, স্ত্রী, বন্ধু, বান্ধব, রাজনৈতিক সহকর্মীসহ অসংখ্য গুনগ্রাহী রয়েছেন।
প্রবীণ এই আওয়ামী লীগ নেতা গাংনী উপজেলা কৃষক লীগের সভাপতি, জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করছেন।

ফজলুল হকের ভাস্তে আজিজুল হক রানু এই তথ্য নিশ্চিত করেছেন।

বর্তমানে তিনি জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও গাংনী মার্কেট মালিক সিমিতি কমিটির সভাপতির দায়িত্ব পালন করছেন।

আজ শনিবার রাত ১০ টার সময় গাংনী হাইস্কুল ময়দানে নামাজে জানাযাশেষে কেন্দ্রীয় কবরস্থানে দাফন করা হয়েছে।

এদিকে প্রবীণ আওয়ামী লীগ নেতা ফজলুল হকের মৃত্যুতে শোক জানিয়েছেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, গাংনী

উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম প্রমুখ।

বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের পক্ষ থেকে ইফতার মাহফিল

বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের পক্ষ থেকে ইফতার মাহফিলের আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (২৩শে মার্চ) পুরাতন বাসস্ট্যান্ড সংলগ্ন পোস্ট অফিস রোডে ফেসবুক ভিত্তিক সামাজিক গ্রুপ বাড়ি মেহেরপুরের প্রধান কার্যালয়ে ইফতার মাহফিলের আয়োজন করা।

বাড়ি মেহেরপুর গ্রুপের প্রধান এডমিন আমেরিকান প্রবাসী এম এম নুরুজ্জামানের সহযোগিতায় ইফতার মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাড়ি মেহেরপুরের এডমিন মোহাম্মদ রিনু, এডমিন আসাদুজ্জামান খান রাজ, মডারেটর মোঃ মাবুদ সহ বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের বিভিন্ন সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের “প্রধান শিক্ষক আফজাল হোসেন লাঞ্ছিত”

চাকুরী দেওয়ার নামে ৬ লাখ টাকা নিয়ে চাকুরী না দেওয়ার অভিযোগ এনে এক প্রধান শিক্ষককে লাঞ্ছিত করেছেন চাকুরী প্রত্যাশী যুবক ও তার লোকজন।

অভিযুক্ত প্রধান শিক্ষক গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক আফজাল হোসেন।

গতকাল শুক্রবার দিবাগত রাত অনুমানিক সাড়ে আটটার দিকে গাংনী উপজেলা শহরের হাসপাতাল বাজার এলাকায় এই লাঞ্ছিতের ঘটনা ঘটে।

জানা গেছে, গাংনী উপজেলা শহরের সিনেমা হলপাড়া এলাকার আওয়ামী লীগের প্রবীন নেতা আলাউদ্দিন ওরফে আলার তার ছেলে সায়েম রানার জন্য গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের পিওন পদে চাকুরী নেয়ার জন্য প্রায় তিন বছর পূর্বে ৬ লক্ষ টাকা দেন প্রধান শিক্ষক আফজাল হোসেনকে।

কিছুদিন ওই বিদ্যালয়ে সায়েম রানাকে দিয়ে কাজ করান প্রধান শিক্ষক আফজাল হোসেন। তারপর তাকে অজ্ঞাত কারনে তাড়িয়ে দেন।

আওয়ামীলীগ নেতা আলাউদ্দিন জানান, বিষয়টি নিয়ে প্রধান শিক্ষক আফজাল হোসেন ও বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোশাররফ হোসেনের সাথে একাধিক বার কথা বলেছি। কিন্তু তারা আমার কথায় কর্ণপাত করেনি। আমার ছেলেকে চাকুরীও দেইনা। ৬ লাখ টাকাও ফেরৎ দেইনা।

আজকে হাসপাতাল বাজারে তাকে ধরে টাকা কবে দেবে সেই কথা বলা হয়েছে। এদিকে এই ঘটনায় হাসপাতাল বাজারে তাৎক্ষণিকভাবে শতশত লোক জড়ো হয়।

এই রিপোর্ট লেখা পর্যন্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক আফজাল হোসেনের সাথে তার মোবাইল ফোনে একাধিক বার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।